

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।

২০২৪ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি (HSC) পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু প্রাইভেট পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন সংক্রান্ত  
**জরুরী বিজ্ঞপ্তি**

০৮/০১/২০২৪

২০২৪ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশনে অগ্রহী ছাত্র/ছাত্রীদেরকে নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচী অনুযায়ী আবেদন ফরমসহ নির্ধারিত ফি জমা দিয়ে রেজিস্ট্রেশন ফরম পূরণের নির্দেশ দেয়া হলো।

**ফরম জমাদানের তারিখ**

০৮/০১/২০২৪ হতে ১৮/০১/২০২৪ তারিখ (ছুটির দিন ব্যতিত)

প্রত্যেক সকাল ১০টা হতে দুপুর ১টা পর্যন্ত।

১। **নিয়মাবলী :** রেজিস্ট্রেশন ফি জমাদানের রশিদ প্রদর্শন করে কলেজ অফিস হতে তালিকাভুক্তির ফরম সংগ্রহ এবং যথাযথ ভাবে পূরণ পূর্বক নিম্নবর্ণিত কাগজপত্র জমা দিতে হবে।

(ক) ২০১৯ সালে ও তার পূর্বে SSC/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ব্যক্তি ২০২৪ সালে অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। যে সকল পরীক্ষার্থী বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ২০১৮ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) পরীক্ষা বা তৎ পূর্ববর্তী পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) প্রাইভেট পরীক্ষার রেজিস্ট্রেশনকারী পরীক্ষার্থীগণ ২০২৪ সালের পাঠ্যসূচী অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে। ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ হয়েছে- মর্মে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

(গ) ১৯৯৫ সালের পূর্বে SSC পরীক্ষায় উত্তীর্ণদের মূল মার্কশীট সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত হতে হবে।

(ঘ) ১৯৯৯ সালের পূর্বে যারা দাখিল পাস করেছে তাদেরকে মূল মার্কশীট সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত হতে হবে এবং নম্বর পত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and Found Correct লেখা থাকতে হবে।

(ঙ) কারিগরি শিক্ষা বোর্ড এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে SSC/সমমান পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদেরকে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক মূল নম্বর পত্রের অপর পৃষ্ঠায় Verified and Found Correct লেখাসহ স্বাক্ষর থাকতে হবে।

(চ) যে সকল পরীক্ষার্থী ২০১৯ বা তৎপূর্ববর্তী বছরে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ তাদেরকে মূল প্রবেশ পত্র জমা দিতে হবে।

(ছ) পরীক্ষার বিষয় সমূহঃ মোট ৫টি বিষয় (২×৫ = ১০ পত্র) (৪র্থ বিষয় নেয়া যাবে না)।

**আবশ্যিক বিষয়ঃ** বাংলা, ইংরেজী এবং তথ্য ও প্রযুক্তি (সকলের জন্য)।

**নির্বাচনিক বিষয়ঃ**

**মানবিক বিভাগঃ** অর্থনীতি ও পৌরনীতি+ইতিহাস/ ইসলামের ইতিহাস/যুক্তিবিদ্যা-এ তিনটি বিষয়ের যে কোন ১টি।

**ব্যবসায় শিক্ষা বিভাগঃ** অর্থনীতি, হিসাববিজ্ঞান এবং ব্যবসায় নীতি ও প্রয়োগ।

২। **ফি এর পরিমাণঃ** ৭৯০/- (সাতশত নব্বই) টাকা। (ফি বিকাশ এর মাধ্যমে পরিশোধ করতে হবে)।

(তালিকাভুক্তি ফি = ৩০০/-, নির্বাচনী পরীক্ষা ফি = ২৮০/-, রেজিস্ট্রেশন ফি ১২০/-, ব্যবস্থাপনা ফি = ৫০/- এবং যোগাযোগ ফি = ৪০/-)

৩। **যে সমস্ত কাগজপত্র সংযুক্ত হবেঃ**

(ক) SSC/সমমান পরীক্ষার মূল নম্বর পত্র এবং ফটোকপি (২ কপি) সত্যায়িত ছাড়া।

(খ) গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র, শিক্ষা বিরতির ক্ষেত্রে SSC পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর কোন শিক্ষা প্রতিষ্ঠানে গত ০২ (দুই) বছর অধ্যয়ন করে নাই, বহিষ্কার হয়নি অথবা হয়ে থাকলেও মেয়াদ শেষ হয়ে গেছে এবং ২০২৪ সালের জন্য HSC/সমমান পরীক্ষার জন্য অযোগ্য ঘোষিত হয়নি- এ মর্মে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।


(গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ কপি ছবির সম্মুখভাগের উপরে প্রার্থীর নাম লিখতে হবে এবং অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত হতে হবে।


(ঘ) শিক্ষক প্রার্থীদের বেলায় কোন অনুমোদিত বিদ্যালয়ে চাকুরীর মেয়াদ ০৩ (তিন) বছর পূর্ণ হয়েছে, এ মর্মে নিজ জেলা শিক্ষা অফিসারের সীল ও স্বাক্ষর যুক্ত সার্টিফিকেট জমা দিতে হবে।

(ঙ) পুলিশ ও প্রতিরক্ষা প্রার্থীদের বেলায় বিজ্ঞপ্তি জারির তারিখে কমপক্ষে ০১ (এক) বছর যাবৎ সক্রিয়ভাবে চাকুরীতে আছে এ মর্মে পুলিশ সুপার/কমান্ডিং অফিসারের সমপর্যায়ের কর্মকর্তার সীল ও স্বাক্ষর যুক্ত সার্টিফিকেট জমা দিতে হবে।

৪। উচ্চ মাধ্যমিক প্রাইভেট পরীক্ষার্থীদেরকে নির্বাচনী (Test) পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে ও উচ্চ মাধ্যমিক পরীক্ষারপূর্বে বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে নির্ধারিত কলেজের মাধ্যমে রেজিস্ট্রেশন করতে হবে এবং রেজিস্ট্রেশন শুধু একটি পরীক্ষার (এক বছরের) জন্য বলবৎ থাকবে।

**বিঃ দ্রঃ** রেজিস্ট্রেশন সংক্রান্ত আবেদন ফরম প্রশাসনিক ভবনের (সাধারণ শাখা) কম্পিউটার অপারেটর জনাব নাজমুল হোসেন এর নিকট জমা দেয়ার জন্য বলা হলো।

  
(প্রফেসর মোঃ আব্দুল জলিল-৫৯২৬)  
অধ্যক্ষ

  
০৮/০১/২৪

ঠাকুরগাঁও সরকারি কলেজ  
ঠাকুরগাঁও।